



# আপনার আঙুল দিয়ে ঢাকুন



## কৌশলটি শিখুন

1. **শব্দাংশ খুঁজতে আপনার আঙুল ব্যবহার করুন:** আপনার সন্তানকে তাদের জানা শব্দাংশে নির্দেশ করতে আঙুল ব্যবহার করতে সাহায্য করুন যেমন “ip” বা “pre”।
2. **আপনার জানা ছোট শব্দগুলো খুঁজতে আপনার আঙুল ব্যবহার করুন:** শব্দচিত্রে “an” এর মতো এমন ছোট ছোট উচ্চারণ ও শব্দাংশ, যেগুলো তারা সহজে পড়তে পারে সেগুলো খুঁজতে আপনার সন্তানকে সহায়তা করুন
3. **যৌগিক শব্দগুলো ভাঙতে আপনার আঙুল ব্যবহার করুন:** যৌগিক শব্দগুলো হলো baseball, lunchtime এর মতো শব্দ। সেগুলো হলো সেসব শব্দ যেগুলো দুটি শব্দ যুক্ত হয়ে তৈরি।

### এই কৌশলটি কেন?

কঠিন শব্দগুলো খুব লম্বা ও ভয়ের কারণ হতে পারে। শিশুরা শব্দের বিভিন্ন অংশ তাদের আঙুল ব্যবহার করে ঢাকতে পারে এবং সেগুলো আরও ছোট দেখাতে পারে। তারপর তারা তাদের জানা ধ্বনি ও শব্দগুলো খুঁজতে পারে।



## আপনার সন্তানকে জিজ্ঞাসা করুন

অপেক্ষাকৃত ছোট বাচ্চাদের জন্য

- চলো এই শব্দটির একটি অংশ ঢেকে ফেলি। তোমার আঙুল দিয়ে শব্দের কোন অংশ আমাদের ঢাকা উচিত?
- এই শব্দের মধ্যে তুমি কি এমন কোন শব্দাংশ দেখছো যা তুমি জানো?
- তুমি কি এই শব্দটি দুটি ছোট অংশে ভাঙতে পারবে?

বড় শিশুদের জন্য

- এই শব্দের মধ্যে তুমি কি এমন কোন ছোট শব্দ দেখছো যা তুমি জানো?
- তুমি কি কোন শব্দের শেষাংশ দেখছো যা তুমি জানো?
- তুমি কি এই কঠিন শব্দটি শব্দাংশে ভাঙতে পারবে?
- এই দীর্ঘ শব্দের মধ্যে তুমি কি এমন কোন শব্দ দেখছো যা তুমি জানো?  
(উদাহরণ: lipstick এর “lip” বা earwax এর “ear”)



## খেলার ছলে অনুশীলন করুন

“এটা কেটে ফেল” খেলুন!

- আপনার সন্তানের সাথে, আপনার সন্তানের রিডিং বইয়ে ৮টি লম্বা শব্দ (৪+ অক্ষর) খুঁজুন।
- একটি কাগজের টুকরায় প্রত্যেকটি লিখুন।
- তারপরে একটি শব্দ নিন। আপনার সন্তানকে সেটাকে ছোট ছোট শব্দাংশে কাঁটতে বলুন। অংশগুলো পড়ুন এবং তারপরে একসাথে পড়া অনুশীলন করুন।
- যতক্ষণ সব ৮টি শব্দই শেষ না হয় পরবর্তী শব্দে পুনরাবৃত্তি করতে থাকুন।

